



জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়  
ঢাকা ডিভিশন-২

১৪/৩৫-এ, শাহজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা।

[www.nha.gov.bd](http://www.nha.gov.bd)

স্মারক নং-২৫.৩৮.২৬৫০.৬০৭.১৬.৪৫৭.২৩-৫৪৮

তারিখ :

২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ

০৭ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন ঢাকাস্থ লালমাটিয়া নিউকলোনীতে কমিউনিটি সেন্টার কাম অফিস স্পেস ৫ম/৬ষ্ঠ/৭ম তলার সম্পূর্ণ ফ্লোর ব্যাংক/বীমা/অফিস স্পেস হিসেবে বরাদ্দের প্রসপেক্টাস ও আবেদন গ্রহণ ও উন্মুক্তকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১। অত্র দপ্তর স্মারক নং-২৫.৩৮.০০০০.০০০.৬০৭.১৬.০০৩৬.২৪.৯৪, তারিখ: ০৮/০৩/২০২৬ খ্রি.  
২। প্রধান কার্যালয়ের স্মারক নং- ২৫.৩৮.০০০০.৫০১.৪৪.১৫২.২০২১-২৯৫৬, তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রি.  
৩। স্মারক নং-২৫.৩৮.২৬৫০.৬০৭.১৬.৪৫৭.২৩. ৫২৯, তারিখ: ২৩/০৫/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন ঢাকাস্থ লালমাটিয়া নিউকলোনীতে কমিউনিটি সেন্টার কাম অফিস স্পেস ৫ম/৬ষ্ঠ/৭ম তলার সম্পূর্ণ ফ্লোর ব্যাংক/বীমা/অফিস স্পেস হিসেবে বরাদ্দের লক্ষ্যে সূত্রস্থ ১নং স্মারকের মাধ্যমে জাতীয় দু'টি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহ্বান করা হয়। আহ্বানকৃত বিজ্ঞপ্তি অনুযায়ী প্রসপেক্টাস এবং আবেদন জমা দানের শেষ তারিখ ২০/০৫/২০২৬ খ্রি. দুপুর ১২:০০ ঘটিকার নির্ধারিত ছিল। বিজ্ঞপ্তি সিলগালা আবেদনপত্র নিম্নোক্ত কার্যালয়ে জমা দেওয়ার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

- (১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
- (২) নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- (৩) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।
- (৪) ওয়ান ব্যাংক পিএলসি এর দেশব্যাপী ১৫ (পনেরো) টি শাখা।

উল্লেখ্য যে, বর্ণিত প্রসপেক্টাস/আবেদন জমা প্রদান সংক্রান্ত বিষয়ে দেশব্যাপী জমাকৃত আবেদনপত্র নির্ধারিত সময়ে সংগ্রহ করা সম্ভব হয়নি। উল্লেখিত তারিখ ও সময়ে উন্মুক্তকরণ করা যায়নি বিধায় জমাকৃত আবেদনপত্র সিলগালা অবস্থায় রাখা হয়। এ বিষয়ে উল্লেখিত প্রসপেক্টাস/আবেদনপত্রে দরপত্র উন্মুক্তকরণের বিষয়ে সুনির্দিষ্ট কোন দিক নির্দেশনা না থাকায় পরবর্তীতে সূত্রস্থ স্মারক ২ এর মাধ্যমে পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ মহোদয়কে আহ্বায়ক করে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট আবেদনপত্র/দরপত্র উন্মুক্তকরণ কমিটি গঠন করা হয়েছে। জমাকৃত আবেদনপত্রের বিষয়ে সূত্রস্থ স্মারক ৩ এর মাধ্যমে তীর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, ঢাকাস্থ লালমাটিয়া নিউকলোনীতে কমিউনিটি সেন্টার কাম অফিস স্পেস ৫ম/৬ষ্ঠ/৭ম তলার সম্পূর্ণ ফ্লোর ব্যাংক/বীমা/অফিস স্পেস হিসেবে বরাদ্দের আবেদনপত্র গ্রহণ ও উন্মুক্তকরণ কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে সূত্রস্থ স্মারক ২ এর মাধ্যমে গঠিত কমিটির সদস্যগণের উপস্থিতিতে আগামী ০৮/০৬/২০২৬ খ্রি. বিকাল ৩.০০ ঘটিকায় জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে বিষয়ে বর্ণিত জমাকৃত সিলগালাযুক্ত প্রসপেক্টাস ও আবেদনসমূহ উন্মুক্ত করা হবে।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আহ্বায়ক ও পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সদস্য ও পরিচালক (প্রশাসন ও অর্থ)  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সদস্য ও প্রতিনিধি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সদস্য ও সহকারী পরিচালক (অর্থ)  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সদস্য সচিব ও নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২,  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সদস্য (প্রকৌশল ও সমন্বয়)/ (প্রশাসন ও অর্থ)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)/(পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সার্কেল/ সমন্বয় ও উন্নয়ন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। নির্বাহী প্রকৌশলী, ই/এম ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপ-বিভাগীয় প্রকৌশলী, ঢাকা উপবিভাগ-৩, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, মোহাম্মদপুর, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, কম্পিউটার সেল, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা। (কর্তৃপক্ষের ওয়েব সাইটে [www.nha.gov.bd](http://www.nha.gov.bd) নোটিশটি প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অফিস কপি (নথি নং-বি-৪৫৭)।

(আহমেদ আবদুল্লাহ নূর)  
সদস্য সচিব  
ও  
নির্বাহী প্রকৌশলী  
ঢাকা ডিভিশন-২  
E-mail: ee\_dd2@nha.gov.bd